**[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**জাতীয় রাজস্ব বোর্ড**

**রাজস্ব ভবন**

**প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।**

www.nbr.gov.bd

নথি নং- ০৮.০১.০০০০.০২৭.০৭.০০২.২০(অংশ-২)/৬৬ তারিখ: ২২/০৭/২০২৬ খ্রি.

**বিষয়: উৎসে কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত অধিক্ষেত্র আদেশ।**

আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৮ এর উপধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উৎসে কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত অধিক্ষেত্র বিষয়ে ইতিপূর্বে জারীকৃত সকল আদেশ রহিত করে নিম্নরূপ আদেশ জারী করছে-

(১) আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৪০(৩) অনুযায়ী সংজ্ঞায়িত নির্দিষ্ট ব্যক্তি বা ধারা ১১২ক এ উল্লিখিত ব্যক্তি বা ধারা ১৩০ক এ উল্লিখিত ব্যক্তি কর্তৃক উৎসে কর্তিত বা সংগৃহীত কর, অনুচ্ছেদ (২) ব্যতীত অন্যান্য ক্ষেত্রে, তাদের কর নির্ধারণ (assessment) যে কর অঞ্চল/ইউনিট এর অধিক্ষেত্রাধীন সে কর অঞ্চল/ইউনিট এর অনুকূলে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে;

(২) তবে, কোনো ব্যাংক, ফাইন্যান্স কোম্পানী বা স্টক এক্সচেঞ্জ কর্তৃক নিম্নবর্ণিত ক্ষেত্রে উৎসে কর্তিত বা সংগৃহীত কর, সারণী-১ এর ৪ নং কলামে বর্ণিত কর অঞ্চল/ইউনিট এর অনুকূলে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে;

**সারণী-১**

| ক্রমিক নং | খাতসমূহ | উৎস কর কর্তন/ আদায়ের স্থান বা এলাকা | যার অনুকূলে জমা প্রদান করতে হবে |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১ | ঋণপত্রের কমিশন হিসাবে প্রাপ্ত অর্থ (ধারা ৯৬) | সমগ্র বাংলাদেশ | বৃহৎ করদাতা ইউনিট |
| ২ | সঞ্চয়ী আমানত ও স্থায়ী আমানত, ইত্যাদি হইতে (ধারা ১০২)<br><br>[বাংলাদেশ ব্যাংক ব্যতীত ব্যাংকিং, ইন্সুরেন্স, লিজিং, ফাইন্যান্সিং, সমবায় বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস কার্যক্রম পরিচালনাকারী কোন ব্যক্তি অথবা কোন প্রকারের আমানত এর বিপরীতে সুদ বা মুনাফা পরিশোধকারী কোন ব্যক্তি কর্তৃক সুদ বা মুনাফা কোন ব্যক্তি হিসাবে ক্রেডিট বা পরিশোধের সময়] | A হতে F আদ্যক্ষর বিশিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক সঞ্চয়ী আমানত, স্থায়ী আমানত ইত্যাদির সুদ প্রদান | কর অঞ্চল-১, ঢাকা |
| | | G হতে P আদ্যক্ষর বিশিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক সঞ্চয়ী আমানত, স্থায়ী আমানত ইত্যাদির সুদ প্রদান | কর অঞ্চল-১৭, ঢাকা |
| | | Q হতে Z আদ্যক্ষর বিশিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক সঞ্চয়ী আমানত, স্থায়ী আমানত ইত্যাদির সুদ প্রদান | কর অঞ্চল-২০, ঢাকা |

| | | | |
|---|---|---|---|
| ৩ | সঞ্চয়ী আমানত ও স্থায়ী আমানত, ইত্যাদি হইতে (ধারা ১০২)<br><br>[ডাক (পোস্ট অফিস) সঞ্চয় ব্যাংকের সঞ্চয়ী আমানত ও স্থায়ী আমানত, ইত্যাদির সুদ প্রদান] | ঢাকা জেলা | কর অঞ্চল-৯, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৪, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৪ | সঞ্চয়পত্রের মুনাফা<br>(ধারা ১০৫) | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-১০, ঢাকা |
| ৫ | আন্তর্জাতিক ফোন কলের জন্য প্রাপ্ত অর্থ<br>(ধারা ১০৮) | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-১৫, ঢাকা |
| ৬ | বিদেশী ক্রেতার এজেন্টকে প্রদত্ত কমিশন বা পারিশ্রমিক পরিশোধ<br>(ধারা ১১৬) | ঢাকা জেলা | কর অঞ্চল-৬, ঢাকা |
| ৭ | রপ্তানি আয় হইতে<br>(ধারা ১২৩) | A হতে M আদ্যক্ষর বিশিষ্ট কোম্পানী কর্তৃক পণ্য রপ্তানি | কর অঞ্চল-৪, ঢাকা |
| | | N হতে Z আদ্যক্ষর বিশিষ্ট কোম্পানী কর্তৃক পণ্য রপ্তানি | কর অঞ্চল-২৫, ঢাকা |
| ৮ | কোনো সেবা, রেভিনিউ শেয়ারিং ইত্যাদি বাবদ বিদেশ হইতে প্রেরিত আয়<br>(ধারা ১২৪) | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-১৮, ঢাকা |
| ৯ | সিকিউরিটিজ হস্তান্তর হইতে<br>(ধারা ১৩৫) | ঢাকা জেলা | কর অঞ্চল-৩, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৩, চট্টগ্রাম |
| ১০ | স্টক এক্সচেঞ্জের শেয়ারহোল্ডারদের শেয়ার হস্তান্তর হইতে<br>(ধারা ১৩৬) | ঢাকা জেলা | কর অঞ্চল-৩, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৩, চট্টগ্রাম |
| ১১ | স্টক এক্সচেঞ্জের সদস্যদের নিকট হইতে<br>(ধারা ১৩৭) | ঢাকা জেলা | কর অঞ্চল-৭, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৩, চট্টগ্রাম |

(৩) আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৬৬(২) অনুযায়ী আয়কর রিটার্ন দাখিল হতে অব্যাহতি প্রাপ্ত সকল সরকারি প্রতিষ্ঠান বা অফিস, সরকারের কোন কর্তৃপক্ষ বা অন্য কোন কর্তৃপক্ষ, স্থানীয় কর্তৃপক্ষ, স্বায়ত্তশাসিত সংস্থা কর্তৃক নিম্নবর্ণিত ক্ষেত্রে উৎসে কর্তিত বা সংগৃহীত কর সারণী-২ এর ৪ নং কলামে বর্ণিত কর অঞ্চল/ইউনিটের অনুকূলে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে;

**সারণী-২**

| ক্রমিক নং | খাতসমূহ | উৎস কর কর্তন/আদায়ের স্থান বা এলাকা | যার অনুকূলে জমা প্রদান করতে হবে |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১ | চাকরি হইতে আয় (ধারা ৮৬) | সমগ্র বাংলাদেশ | বেতনভোগী কর্মী (employee) যে কর অঞ্চল/ইউনিট এর করদাতা |
| ২ | সংসদ সদস্যদের সম্মানী হইতে (ধারা ৮৭) | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-১৮, ঢাকা |
| ৩ | ঠিকাদার, সরবরাহকারী ইত্যাদিকে প্রদত্ত অর্থ হইতে:<br>(ক) কোনো চুক্তি সম্পাদন (অংশ ৭ এর অন্য কোনো ধারায় উল্লিখিত কোনো সেবা প্রদান সংশ্লিষ্ট ব্যক্তি ব্যতীত);<br>(খ) পণ্য সরবরাহ;<br>(গ) উৎপাদন, প্রক্রিয়াকরণ বা রূপান্তর;<br>(ঘ) মুদ্রণ, প্যাকেজিং বা বাঁধাই;<br>(ধারা ৮৯ এবং উৎসে কর বিধিমালা, ২০২৬ এর বিধি ৩) | ঢাকা জেলার সরকারের নিম্নলিখিত কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ বা ব্যক্তি কর্তৃক প্রদত্ত অর্থ-<br>রাষ্ট্রপতির কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রীপরিষদ বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, নির্বাচন কমিশন সচিবালয়, শিক্ষা মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সংসদ সচিবালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় ও এর নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর বা অফিসসমূহ। | কর অঞ্চল-২, ঢাকা |
| | | ঢাকা জেলার সরকারের নিম্নলিখিত কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ বা ব্যক্তি কর্তৃক প্রদত্ত অর্থ-<br>শিল্প মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, তথ্য ও | কর অঞ্চল-২৩, ঢাকা |

| | | | |
|---|---|---|---|
| | | সম্প্রচার মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সহ অন্যান্য মন্ত্রণালয় ও এর নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর বা অফিসসমূহ। | |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-২, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৪ | সেবার ক্ষেত্রে পরিশোধ হইতে:<br>(১) উপদেষ্টা বা পরামর্শক ফি<br>(২) পেশাদার সেবা ফি (ডাক্তার কর্তৃক প্রদত্ত পেশাগত সেবা ব্যতীত)<br>(৩) কারিগরি সেবা ফি বা কারিগরি সহায়তা ফি<br>(৪) ক্লিনিং; ব্যক্তিগত নিরাপত্তা; জনবল সরবরাহ<br>(৫) ক্যাটারিং; ক্রিয়েটিভ মিডিয়া; জনসংযোগ; ইভেন্ট পরিচালনা; প্রশিক্ষণ; কর্মশালা ইত্যাদি পরিচালনা; কুরিয়ার সার্ভিস; প্যাকিং এবং শিফটিং; সংগ্রহ এবং পুনরুদ্ধার এজেন্সি; প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া এজেন্সি সেবা বা একই প্রকৃতির অন্যান্য সেবা<br>(৬) ইন্ডেটিং কমিশন<br>(৭) মিটিং ফি, ট্রেনিং ফি বা সম্মানী বিল<br>(৮) মোবাইল নেটওয়ার্ক অপারেটর কর্তৃক প্রদত্ত সেবা বিল<br>(৯) ক্রেডিট রেটিং এজেন্সি বিল<br>(১০) মোটর গ্যারেজ বা ওয়ার্কশপ বিল<br>(১১) ব্যক্তিগত কন্টেইনার পোর্ট বা ডকইয়ার্ড বিল<br>(১২) শিপিং এজেন্সি বিল ও কমিশন<br>(১৩) স্টিভডোরিং/বার্থ অপারেটর/ টার্মিনাল অপারেটর/ শিপ হ্যান্ডলিং অপারেটর বিল ও কমিশন<br>(১৪) পরিবহন সেবা, গাড়ি ভাড়া, ক্যারিয়িং সেবা, মেরামত ও | ঢাকা জেলা | কর অঞ্চল-৮, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৫, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |

| | | | |
|---|---|---|---|
| | রক্ষণাবেক্ষণ সেবা, রাইড শেয়ারিং সেবা, ওয়ার্কিং স্পেস সরবরাহ সেবা, আবাসন সরবরাহ সেবাসহ যে কোনো প্রকার শেয়ারিং ইকোনমিক প্ল্যাটফর্ম সেবার বিল<br>(১৫) বিদ্যুৎ সঞ্চালনার নিমিত্ত হুইলিং চার্জ বাবদ বিল<br>(১৬) ইন্টারনেট সেবা বিল<br>(১৭) মোবাইল ফাইনান্সিয়াল সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের এজেন্ট, ডিস্ট্রিবিউটর, এজেন্সি বা চ্যানেল পার্টনার কমিশন<br>(১৮) ফ্রেইট ফরওয়ার্ড বাবদ পরিশোধিত কমিশনসহ বা কমিশন ব্যতিরেকে গ্রস বিল<br>(১৯) ১ হইতে ১৮ নং ক্রমিকে বর্ণিত নাই এইরুপ অন্য কোন সেবা যাহা আইনের অন্য কোন ধারার অধীন কর্তনযোগ্য নহে।<br>(ধারা ৯০ ও উৎসে কর বিধিমালা, ২০২৬ এর বিধি ৪) | | |
| ৫ | সেবার ক্ষেত্রে পরিশোধ হইতে:<br>(২) পেশাগত সেবা (ডাক্তার কর্তৃক প্রদত্ত পেশাগত সেবা )<br>(ধারা ৯০ ও উৎসে কর বিধিমালা, ২০২৬ এর বিধি ৪) | ঢাকা জেলা | কর অঞ্চল-১০, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৫, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৬ | স্বত্বাধিকারী সম্পত্তির জন্য পরিশোধিত অর্থ হইতে:<br>রয়্যালটিজ, ফ্র্যাঞ্চাইজ, লাইসেন্স, ট্রেডমার্ক, পেটেন্ট, কপিরাইট, শিল্প নকশা, উদ্ভিদের জাত, ভৌগোলিক নির্দেশক পণ্য বা মেধাস্বত্ব সংক্রান্ত অন্য কোনো সম্পত্তি অথবা অভৌত বা অবস্তুগত (intangibles) বিষয়<br>(ধারা ৯১) | ঢাকা জেলা | কর অঞ্চল-৮, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-২, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৭ | প্রচার মাধ্যমের বিজ্ঞাপন আয় হইতে:<br>সংবাদপত্র, সাময়িকী, বেসরকারি টেলিভিশন চ্যানেল, বেসরকারি রেডিও স্টেশন, ইত্যাদিতে প্রচারিত বিজ্ঞাপন বা অন্য কোনো উদ্দেশ্যে পরিশোধ<br>(ধারা ৯২) | ঢাকা জেলা | কর অঞ্চল-৭, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৬, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |

| | | | |
|---|---|---|---|
| ৮ | অভিনেতা, অভিনেত্রী, প্রযোজক, ইত্যাদি ব্যক্তিকে পরিশোধিত অর্থ (ধারা ৯৩) | ঢাকা জেলা | কর অঞ্চল-১২, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৬, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৯ | কমিশন, ডিসকাউন্ট, ফি, ইত্যাদি (ধারা ৯৪) | ঢাকা জেলা | কর অঞ্চল-১২, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৪, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ১০ | ট্রাভেল এজেন্ট নিকট হইতে (ধারা ৯৫) | ঢাকা জেলা | কর অঞ্চল-২২, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৫, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ১১ | জীবন বীমা পলিসির প্রিমিয়ামের অতিরিক্ত কোনো পরিশোধ (ধারা ৯৯) | সমগ্র বাংলাদেশ | বৃহৎ করদাতা ইউনিট |
| ১২ | বীমার কমিশনের অর্থ (ধারা ১০০) | সমগ্র বাংলাদেশ | বৃহৎ করদাতা ইউনিট |
| ১৩ | সাধারণ বীমা কোম্পানির জরিপকারীদের ফি, ইত্যাদি হইতে (ধারা ১০১) | সমগ্র বাংলাদেশ | বৃহৎ করদাতা ইউনিট |
| ১৪ | নিবাসীর সুদ আয় (ধারা ১০৪) | ঢাকা জেলা | কর অঞ্চল-১, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-১, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ১৫ | সিকিউরিটিজের সুদ বা মুনাফা (ধারা ১০৬) | সমগ্র বাংলাদেশ | বৃহৎ করদাতা ইউনিট |
| ১৬ | বাংলাদেশ ব্যাংক বিলের প্রকৃত মূল্যের বাট্টার উপর (ধারা ১০৭) | সমগ্র বাংলাদেশ | বৃহৎ করদাতা ইউনিট |
| ১৭ | আন্তর্জাতিক ফোন কলের জন্য প্রাপ্ত অর্থ (ধারা ১০৮) | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-১৫, ঢাকা |
| ১৮ | ভাড়া হইতে (ধারা ১০৯) | ঢাকা জেলা | কর অঞ্চল-১৮, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৫, চট্টগ্রাম |

| | | | |
|---|---|---|---|
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ১৯ | কনভেনশন হল, কনফারেন্স সেন্টার, ইত্যাদি হইতে সেবা প্রদান (ধারা ১১০) | ঢাকা জেলা | কর অঞ্চল-৪, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৪, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ২০ | সম্পত্তি অধিগ্রহণের ক্ষতিপূরণ হইতে (ধারা ১১১) | ঢাকা জেলা | কর অঞ্চল-১৯, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-২, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ২১ | নগদ রপ্তানি প্রণোদনার উপর (ধারা ১১২) | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-২৪, ঢাকা |
| ২২ | বিদ্যুৎ ক্রয়ের বিপরীতে পরিশোধ (ধারা ১১৪) | ঢাকা জেলা | কর অঞ্চল-২৪, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৩, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ২৩ | রিয়েল এস্টেট উন্নয়নকারীর (ডেভেলপার) নিকট হইতে ভূমি মালিক কর্তৃক প্রাপ্ত আয় (ধারা ১১৫) | ঢাকা জেলা | কর অঞ্চল-৫, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৬, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ২৪ | বিদেশী ক্রেতার এজেন্টকে প্রদত্ত কমিশন বা পারিশ্রমিক (ধারা ১১৬) | ঢাকা জেলা | কর অঞ্চল-৬, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৩, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ২৫ | লভ্যাংশ (ধারা ১১৭) | ঢাকা জেলা | কর অঞ্চল-১৩, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৪, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ২৬ | লটারি, ইত্যাদি হইতে (ধারা ১১৮) | ঢাকা জেলা | কর অঞ্চল-৯, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৩, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |

| | | | |
|---|---|---|---|
| ২৭ | অনিবাসীর আয় হইতে কর্তন-<br>(১) উপদেষ্টা বা পরামর্শক ফি<br>(২) প্রি-শিপমেন্ট পরিদর্শন বিল<br>(৩) পেশাদার সেবা ফি<br>(৪) কারিগরি সেবা ফি বা কারিগরি সহায়তা ফি<br>(৫) আর্কিটেকচার, ইন্টেরিয়র ডিজাইন বা ল্যান্ডস্কেপ ডিজাইন, ফ্যাশন ডিজাইন বা প্রসেস ডিজাইন বিল<br>(৬) সার্টিফিকেশন, রেটিং ইত্যাদি বিল<br>(৭) স্যাটেলাইট, এয়ারটাইম বা ফ্রিকোয়েন্সি ব্যবহার বাবদ ভাড়া বা অন্য কোনো ব্যয়/চ্যানেল সম্প্রচার বাবদ ভাড়া বিল<br>(৮) আইনি সেবা<br>(৯) ইভেন্ট ম্যানেজমেন্টসহ ব্যবস্থাপনা সেবা বিল<br>(১০) কমিশন<br>(১১) রয়্যালটি, লাইসেন্স ফি বা স্পর্শাতীত সম্পত্তির (intangibles) জন্য পরিশোধিত অর্থ<br>(১২) সুদ পরিশোধ<br>(১৩) বিজ্ঞাপন সম্প্রচার বিল<br>(১৪)বিজ্ঞাপন নির্মাণ ও ডিজিটাল মার্কেটিং বিল<br>(১৫) ধারা ২৫৯ এবং ধারা ২৬০ এ উল্লিখিত ক্ষেত্রসমূহ ব্যতীত নৌ পরিবহন বা বিমান পরিবহন বিল<br>(১৬)কন্ট্রাক্টর, সাব-কন্ট্রাক্টর ও সাব-সাব-কন্ট্রাক্টর কর্তৃক ম্যানুফ্যাকচারিং, প্রসেস বা কনভারশন, পূর্ত কাজ, নির্মাণ, প্রকৌশল বা সমজাতীয় অন্য কোনো কাজের বিল<br>(১৭)পণ্য সরবরাহ বিল<br>(১৮) মূলধনি মুনাফা<br>(১৯) বীমা প্রিমিয়াম ফি<br>(২০) যন্ত্রপাতি, সরঞ্জাম ইত্যাদি ভাড়া বিল<br>(২১) লভ্যাংশ<br>(২২) শিল্পী, গায়ক বা খেলোয়াড় কর্তৃক গৃহীত অর্থ পরিশোধ<br>(২৩) বেতন বা পারিশ্রমিক বিল<br>(২৪) পেট্রোলিয়াম অপারেশনের | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-১১, ঢাকা |

| | | | |
|---|---|---|---|
| | অনুসন্ধান বা ড্রিলিং বিল<br>(২৫) কয়লা, তেল বা গ্যাস অনুসন্ধানের জন্য সমীক্ষা বিল<br>(২৬) জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানির সার্ভেয়ার ফি ইত্যাদি পরিশোধ<br>(২৭) তেল বা গ্যাসক্ষেত্র এবং এর রপ্তানি পয়েন্টের মধ্যে সংযোগ স্থাপনের জন্য যেকোন সেবা বিল<br>(২৮) ব্যান্ডউইদ বাবদ বিল পরিশোধ<br>(২৯) কুরিয়ার সার্ভিস বিল<br>(৩০) অন্য কোনো পরিশোধ<br>(ধারা ১১৯ ও উৎসে কর বিধিমালা, ২০২৬ এর বিধি ৫) | | |
| ২৮ | আমদানিকারকদের নিকট হইতে<br>(ধারা ১২০ ও উৎসে কর বিধিমালা, ২০২৬ এর বিধি ৮) | আইসিডি ও পানগাঁও ব্যতীত ঢাকা জেলার কাস্টমস হাউজ এর মাধ্যমে পণ্য আমদানি | কর অঞ্চল-১৪, ঢাকা |
| | | ঢাকা জেলার আইসিডি ও পানগাঁও কাস্টমস হাউজ এর মাধ্যমে পণ্য আমদানি | কর অঞ্চল-২১, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-১, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ২৯ | জনশক্তি রপ্তানি<br>(ধারা ১২১) | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-২২, ঢাকা |
| ৩০ | ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং এজেন্টদের নিকট হইতে<br>(ধারা ১২২) | ঢাকা জেলা | কর অঞ্চল-১৫, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৩, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৩১ | রপ্তানি বাবদ প্রাপ্তি<br>(ধারা ১২৩) | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-৪, ঢাকা |
| ৩২ | সম্পত্তি হস্তান্তর, ইত্যাদি হইতে<br>(ধারা ১২৫ ও উৎসে কর বিধিমালা, | ঢাকা জেলা | কর অঞ্চল-১৬, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৬, চট্টগ্রাম |

| | | | |
|---|---|---|---|
| | ২০২৬ এর বিধি ৬) | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৩৩ | রিয়েল এস্টেট বা ভূমি উন্নয়নকারীর নিকট হইতে (ধারা ১২৬ ও উৎসে কর বিধিমালা, ২০২৬ এর বিধি ৭) | ঢাকা জেলা | কর অঞ্চল-৫, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৬, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৩৪ | সরকারি স্ট্যাম্প, কোর্ট ফি, কার্টিজ পেপার বাবদ পরিশোধিত কমিশন (ধারা ১২৭) | ঢাকা জেলা | কর অঞ্চল-২৪, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-১, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৩৫ | সম্পত্তির ইজারা হইতে (ধারা ১২৮) | ঢাকা জেলা | কর অঞ্চল-১৯, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৬, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৩৬ | সিগারেট উৎপাদনকারী (ধারা ১২৯) | ঢাকা জেলা | কর অঞ্চল-১৯, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৪, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৩৭ | ইট প্রস্তুতকারক (ধারা ১৩০) | ঢাকা জেলা | কর অঞ্চল-৭, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৪, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৩৮ | ট্রেড লাইসেন্স নবায়নের সময় (ধারা ১৩১) | ঢাকা জেলা | কর অঞ্চল-৩, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-২, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৩৯ | নিবাসী করদাতার জাহাজ ব্যবসা (ধারা ১৩২) | ঢাকা জেলা | কর অঞ্চল-১৯, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৪, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৪০ | প্রকাশ্য নিলামের বিক্রয় হইতে | ঢাকা জেলা | কর অঞ্চল-৯, ঢাকা |

| | | | |
|---|---|---|---|
| | (ধারা ১৩৩) | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৬, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৪১ | নিবন্ধিত ক্লাবের সদস্যদের নিকট হইতে কর সংগ্রহ (ধারা ১৩৭ক) | ঢাকা জেলা | কর অঞ্চল-১৮, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৬, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৪২ | বাণিজ্যিকভাবে পরিচালিত মোটরযানের অগ্রিম কর (ধারা ১৩৮) | সমগ্র বাংলাদেশ | কেন্দ্রীয় জরীপ অঞ্চল |
| ৪৩ | বেসামরিক আকাশযান হইতে অগ্রিম কর সংগ্রহ (ধারা ১৩৮ক) | সমগ্র বাংলাদেশ | কর অঞ্চল-১, ঢাকা |
| ৪৪ | নৌযান চালনা সংক্রান্ত অগ্রিম কর (ধারা ১৩৯) | ঢাকা জেলা | কর অঞ্চল-১৭, ঢাকা |
| | | চট্টগ্রাম জেলা | কর অঞ্চল-৩, চট্টগ্রাম |
| | | অন্যান্য জেলা | সংশ্লিষ্ট কর অঞ্চল |
| ৪৫ | ব্যক্তিগত মোটরগাড়ির মালিকগণের নিকট হইতে অগ্রিম কর ও পরিবেশ সারচার্জ (ধারা ১৫৩) | সমগ্র বাংলাদেশ | কেন্দ্রীয় জরীপ অঞ্চল |

(৪) বিশেষ অধিক্ষেত্রঃ ক্রমিক (১), (২) ও (৩) এ যাহাই বলা থাকুক না কেন, বাংলাদেশ ব্যাংক কর্তৃক কর্তিত বা সংগৃহীত সকল খাতের উৎসে কর বৃহৎ করদাতা ইউনিটের অনুকূলে জমা প্রদান করতে হবে;

(৫) এই আদেশের ক্রমিক (১) বা (২) বা (৩) এ অন্তর্ভূক্ত হয় নাই কিন্তু আয়কর আইন, ২০২৩ এর অধীন উৎসে কর কর্তন বা সংগ্রহ করা হয়েছে সেইরূপ ব্যক্তির নিকট হতে কর্তিত বা সংগৃহীত উৎসে কর ঢাকা জেলার ক্ষেত্রে কর অঞ্চল-১, ঢাকা, চট্টগ্রাম জেলার ক্ষেত্রে কর অঞ্চল-১, চট্টগ্রাম এবং অন্যান্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর অঞ্চলের অনুকূলে জমা প্রদান করতে হবে।

০৪/০৮/২৬

(কাজী লতিফুর রহমান)
সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)
জাতীয় রাজস্ব বোর্ড

নথি নং- ০৮.০১.০০০০.০২৭.০৭.০০২.২০(অংশ-২)/৬৬ তারিখ: ২২/০৭/২০২৬ খ্রি.

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়): সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা/কর আপীল ও অব্যাহতি/কর জরীপ ও পরিদর্শন/কর লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট/ইন্টারন্যাশনাল ট্যাকসেস/কর নীতি/কর তথ্য ব্যবস্থাপনা ও সেবা/কর অডিট, ইন্টেলিজেন্স ও ইনভেস্টিগেশন/বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড।

২। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল।

৩। মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর/বিসিএস (কর) একাডেমি/সেন্ট্রাল ইন্ট্রেলিজেন্স সেল/গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড।

৪। কর কমিশনার, কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।

৫। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট/আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট/ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট/উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট।

৬। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫/১৬/১৭/১৮/১৯/২০/২১/২২/২৩/২৪/২৫, ঢাকা।

৭। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬, চট্টগ্রাম।

৮। কর কমিশনার, কর অঞ্চল নারায়ণগঞ্জ/গাজীপুর/ময়মনসিংহ/কুমিল্লা/বগুড়া/রাজশাহী/রংপুর/বরিশাল/সিলেট/খুলনা/কুষ্টিয়া/যশোর/ফরিদপুর/দিনাজপুর/নরসিংদী/ নোয়াখালী/কক্সবাজার/কেন্দ্রীয় জরীপ অঞ্চল, ঢাকা।

৯। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১০। সকল প্রথম সচিব (আয়কর অনুবিভাগ/বোর্ড প্রশাসন/কর প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।

১২। দ্বিতীয় সচিব (সকল-আয়কর অনুবিভাগ), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১৩। প্রেসিডেন্ট/প্রধান নির্বাহী কর্মকর্তা, .....................................................................।

১৪। সকল ইনকাম ট্যাক্স বার।

০৪/০৮/২৬

**(সুব্রত কুমার দে)**
দ্বিতীয় সচিব (কর পরিবীক্ষণ ও সমন্বয়)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।